

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ, ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ/১ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ

এস.আর.ও. নং ১৩৩-আইন/২০১৭/১৯/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 1969), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, ইন্ডাস্ট্রিয়াল মোল্ড স্থানীয়ভাবে উৎপাদনের লক্ষ্যে, উক্ত Act এর First Schedule ভুক্ত নিম্নবর্ণিত TABLE এর কলাম (1) এ বর্ণিত Heading এর বিপরীতে কলাম (2) তে উল্লিখিত H.S. Code এবং কলাম (3) এ বর্ণিত পণ্যসমূহের উপর আরোপণীয় আমদানি শুল্ক, যে পরিমাণে মূল্যভিত্তিক ১% (এক শতাংশ) এর অতিরিক্ত হয় সেই পরিমাণ, সমুদয় রেগুলেটরি ডিউটি এবং সমুদয় মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক, যদি থাকে, হইতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথা:-

TABLE

Heading	H.S. Code	Description
(1)	(2)	(3)
34.03	3403.19.00	Electric Discharging Machine (EDM) fluid
72.18	7218.99.00	Stainless steel ingot
72.25	7225.40.10	Hot rolled alloy steel sheet
	7225.50.10	Cold rolled alloy steel sheet
72.28	7228.40.00	Bars and rods of alloy steel not further worked than forged
	7228.60.00	Other bars and rods of alloy steel
73.19	7319.90.00	Guide pin
73.20	7320.20.00	Compression spring
73.26	7326.90.90	Bush
74.10	7410.12.00	Copper foil
76.04	7604.29.00	Bars and rods of aluminium alloy

81.02	8102.96.00	Molybdenum wire
81.12	8112.19.00	Beryllium
82.07	8207.50.00	Electric Discharging Machine (EDM) drill rod
	8207.70.00	End mill cutter
	8207.90.00	Insert cutter
84.20	8420.99.00	Hydraulic cylinder
84.66	8466.10.00	Tools holder
84.80	8480.20.00	Mould base

শর্তসমূহ

- ১। এই প্রজ্ঞাপনের অধীন রেয়াতি সুবিধা শুধু সেইসব উৎপাদনকারী প্রতিষ্ঠান এর ক্ষেত্রে প্রযোজ্য হইবে, যাহারা এই প্রজ্ঞাপনে উল্লিখিত সকল শর্ত প্রতিপালনপূর্বক আমদানিকৃত উপকরণ ব্যবহার করিয়া নিজস্ব প্রতিষ্ঠানের জন্য অথবা বাণিজ্যিকভাবে বিক্রয়ের উদ্দেশ্যে স্থানীয়ভাবে মোল্ড উৎপাদন করিয়া থাকেন।
- ২। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর অধীন উৎপাদক হিসাবে নিবন্ধিত হইতে হইবে।
- ৩। প্রতি একক মোল্ড উৎপাদনের জন্য সম্ভাব্য বা যৌক্তিক অপচয়সহ কি কি উপকরণ কি পরিমাণে আবশ্যিক (উপকরণ-উৎপাদসহগ) সে সম্পর্কিত তথ্য “পরিশিষ্ট” অনুযায়ী ৩ (তিন) কপি পণ্য আমদানির পূর্বেই সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেট এর কমিশনার বরাবর দাখিল করিতে হইবে। কমিশনার উক্ত সহগ অনুমোদনপূর্বক প্রতিস্বাক্ষর করিবেন এবং একটি কপি অফিসের রেকর্ড হিসাবে সংরক্ষণ করিবেন, দ্বিতীয় কপি জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস নীতি) বরাবরে প্রেরণ করিবেন এবং অপর কপি প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে ফেরত দিবেন। উক্ত অনুমোদিত সহগের সত্যায়িত ফটোকপি প্রতিটি পণ্যচালান শুকায়নের সময় বিল অব এন্ট্রির সহিত দাখিল করিতে হইবে।
- ৪। এই প্রজ্ঞাপনের আওতাধীন উপকরণ “পরিশিষ্ট” অনুযায়ী আমদানি করিয়া অনুমোদিত উপকরণ-উৎপাদ সহগ মোতাবেক মোল্ড উৎপাদন করা হইতেছে কিনা তাহা সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেটের কমিশনার তাহার অধীনস্থ সংশ্লিষ্ট ভ্যাট বিভাগীয় কর্মকর্তার মাধ্যমে প্রতি ৬ (ছয়) মাস অন্তর সরেজমিনে পরিদর্শন করিয়া নিশ্চিত করিবেন।

- ৫। আমদানিকৃত উপকরণ বিক্রয় বা হস্তান্তর করা এবং মোল্ড উৎপাদন ব্যতিরেকে অন্য কোন কাজে ব্যবহার করা যাইবে না।
- ৬। কোন উৎপাদনকারী এই প্রজ্ঞাপনের শর্ত লঙ্ঘন করিলে এবং উক্ত লঙ্ঘনজনিত কারণে রাজস্ব ক্ষতি হইলে সেইক্ষেত্রে তাহার বিরুদ্ধে Customs Act, 1969 ও মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর বিধান অনুযায়ী ও প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট অন্যান্য আইন মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইবে।

পরিশিষ্ট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

মোল্ড তৈরির উপকরণ বা কাঁচামাল সম্পর্কিত ঘোষণা:

- ১। প্রতিষ্ঠানের নাম:
২। ঠিকানা:
৩। মূসক নিবন্ধন নম্বর:

ক্রম নং	পণ্যের নাম ও এইচ. এস. কোড	একক	পণ্য উৎপাদনে ব্যবহার্য পণ্য বা যন্ত্রাংশ বা উপকরণ এর নাম (এইচ.এস. কোডসহ)	অপচয়সহ প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় উপকরণের প্রতিটির পরিমাণ (কেজি)	অপচয় ব্যতীত প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় কাঁচামাল বা উপকরণের প্রতিটির পরিমাণ (কেজি)	অপচয়ের শতকরা হার
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)

সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারের প্রতিস্বাক্ষর

প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের
স্বাক্ষর ও তারিখ

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ নজিবুর রহমান
সিনিয়র সচিব